

## সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৯৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুনাফিকদের উপর এই দুটি সালাত সবচেয়ে কঠিন

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ هَاتَيْنِ الصَّلَاتَيْنِ أَتْقَلُ الصَّلَاةِ على المنافقين

## আরবী

2095 \_ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ حَدَّثَنَا سَلْمُ بْنُ جُنَادَةَ حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ عَنِ الْقَعْمَشِ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنَّ الْقَعْمَ الْقَعْمَ الْمُنَافِقِينَ صَلَاةُ الْعِشَاءِ وصلاة الفجر ولو يعلمون ما فيهما لَأَتَوْهُمَا أَتُقَالَ الصَّلَاةِ عَلَى الْمُنَافِقِينَ صَلَاةُ الْعِشَاءِ وصلاة الفجر ولو يعلمون ما فيهما لَأَتَوْهُمَا وَلَوْ حَبُوا وَلَقَدْ هَمَمْتُ أَنْ آمُرَ بِالصَّلَاةِ فَتُقام ثُمَّ آمُرَ رَجُلًا فَيُصَلِّيَ بِالنَّاسِ ثُمَّ أَنْطَلِقَ مَعِي بِرِجَالٍ مَعَهُمْ حُزَمُ حَطَبٍ إِلَى قَوْمٍ لَا يَشْهَدُونَ الصَّلَاةَ فَأُحَرِّقَ عَلَيْهِمْ بيوتهم بالنار) مَعِي بِرِجَالٍ مَعَهُمْ حُزَمُ حَطَبٍ إِلَى قَوْمٍ لَا يَشْهَدُونَ الصَّلَاةَ فَأُحَرِّقَ عَلَيْهِمْ بيوتهم بالنار) الراوي : أَبُو هُرَيْرَةَ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الراوي : أَبُو هُرَيْرَةَ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2095 ا خلاصة حكم المحدث: صحيح ـ ((الإرواء))) (486)

## বাংলা

২০৯৫. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "নিশ্চয়ই মুনাফিকদের উপর সবচেয়ে কঠিন সালাত হলো ইশার সালাত ও ফজরের সালাত। আর যদি তারা জানতো যে এই দুটি সালাতে কী (সাওয়াব) রয়েছে, তবে তারা হামাগুড়ি দিয়ে হলেও তাতে উপস্থিত হতো। আমার ইচ্ছা হয় যে, আমি সালাত আদায়ের নির্দেশ দেই, তারপর ইকামত দেওয়া হয়, তারপর আমি একজনকে আদেশ করি যাতে সে লোকদের নিয়ে সালাত আদায় করে। অতঃপর আমি লাকড়ীসহ কিছু লোক সাথে নিয়ে যাই সেসব লোকদের কাছে যারা সালাতে উপস্থিত হয় না। তারপর আগুন দিয়ে তাদের বাড়ি-ঘর জ্বালিয়ে দেই।"[1]

## ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১৪৮৪; মুসনাদ আহমাদ: ২/৪২৪; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৩৩২; সহীহ



মুসলিম: ৬৫১; ইবনু মাজাহ: ৭৯১; আবূ দাউদ: ৫৪৮; সুনান বাইহাকী: ৩/৫৫; আবূ আওয়ানা: ৫/২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৪৮৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন